**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[কাস্টমস ও মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং- ২৫৩-আইন/২০২৬/৮৩/কাস্টমস।**- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, উক্ত আইনের ধারা ১২ ও দ্বিতীয় তফসিলের ক্রমিক ৭, ৮, ১১, ১৩, ৩২, ৩৩, ৩৫ ও ৪৫ এর সহিত পঠিতব্য, এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, বেসরকারি কাস্টমস অভ্যন্তরীণ কন্টেইনার ডিপো ও কন্টেইনার ফ্রেইট স্টেশন লাইসেন্সিং ও ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৬ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার-

(১) বিধি ১ এর শিরোনামে উল্লিখিত "**সংক্ষিপ্ত শিরোনাম**" শব্দগুলির পরিবর্তে "**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) বিধি ৪ এর-

(ক) উপ-বিধি (৩) এ উল্লিখিত "দফা ২" শব্দ ও সংখ্যার পরিবর্তে "উপ-বিধি (২)" শব্দ, হাইফেন, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৮) এ উল্লিখিত "দফা ৭" শব্দ ও সংখ্যার পরিবর্তে "উপ-বিধি (৭)" শব্দ, হাইফেন, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(৩) **পরিশিষ্ট-গ** এর ক্রমিক (১) এ উল্লিখিত "অতিরিক্ত কমিশনার" শব্দগুলির পরিবর্তে "অ্যাডিশনাল/জয়েন্ট কমিশনার" শব্দগুলি ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।